# বাংলাদেশের সংবিধান - ০৪

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
| --- | --- | --- |
| ৪৮ নং | রাষ্ট্রপতি | সংসদ-সদস্যগণ কর্তৃক নির্বাচিত হবেন<br><br>রাষ্ট্রপতি রাষ্ট্রের অন্য সকল ব্যক্তির উর্ধ্বে স্থান লাভ করবে<br><br>প্রধানমন্ত্রীর পরামর্শ ছাড়া করবেন: ৫৬ অনুচ্ছেদের (৩) দফা অনুসারে প্রধানমন্ত্রী ও<br><br>৯৫ অনুচ্ছেদের (১) দফা অনুসারে প্রধান বিচারপতি নিয়োগদান। |

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৫২ নং | রাষ্ট্রপতির অভিশংসন (Impeachment of the President) | সংবিধান লঙ্ঘন বা অসদাচারণের অভিযোগে রাষ্ট্রপতিকে অভিশংসন চেয়ে সংখ্যাগরিষ্ঠ সাংসদের স্বাক্ষর যুক্ত পত্র স্পিকারের নিকট প্রদান করতে পারবে। স্পিকার ১৪ থেকে ৩০ দিনের মধ্যে অধিবেশন ডাকবেন। (৪) মোট সদস্য সংখ্যার দুই-তৃতীয়াংশ ভোটে অভিযোগ যথার্থ হওয়ার দিন থেকে রাষ্ট্রপতির পদ শূন্য হবে। (৫) রাষ্ট্রপতির পদ শূন্য হলে স্পিকার রাষ্ট্রপতি হবেন। |

# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ৫৫ নং | মন্ত্রিসভা (The Cabinet) | ☞ প্রধানমন্ত্রীর নেতৃত্বে মন্ত্রিসভা থাকবে এবং প্রধানমন্ত্রী যেরূপ স্থির করবে, সেরূপ অন্যান্য মন্ত্রী নিয়ে মন্ত্রিসভা গঠিত হবে।<br>☞ প্রধানমন্ত্রীর কর্তৃত্বে প্রজাতন্ত্রের নির্বাহী ক্ষমতা প্রযুক্ত হবে।<br>☞ মন্ত্রিসভা যৌথভাবে সংসদের নিকট দায়ী থাকবে।<br>☞ সরকারের সকল নির্বাহী ব্যবস্থা রাষ্ট্রপতির নামে গৃহীত হবে<br>☞ রাষ্ট্রপতি সরকারি কার্যাবলি বণ্টন ও পরিচালনার জন্য বিধিসমূহ প্রণয়ন করবেন। |

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
| --- | --- | --- |
| ৫৬ নং | মন্ত্রীগণ<br><br>**(Ministers)** | (২) প্রধানমন্ত্রী, মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপ-মন্ত্রীদিগকে রাষ্ট্রপতি নিয়োগ দান করবে।<br><br>তবে শর্ত থাকে যে, তাঁদের সংখ্যার অন্যূন নয়-দশমাংশ সংসদ সদস্যগণের মধ্য থেকে এবং অনধিক এক-দশমাংশ সংসদ-সদস্য নির্বাচিত হবার যোগ্য ব্যক্তিগণের মধ্য হতে মনোনীত হতে পারবে। |

(৩) প্রধানমন্ত্রী নিয়োগ দিবেন রাষ্ট্রপতি।

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৫৭ নং | প্রধানমন্ত্রী পদের মেয়াদ | (১) প্রধানমন্ত্রীর পদ শূন্য হইবে, যদি-<br>ক) তিনি কোন সময়ে রাষ্ট্রপতির নিকট পদত্যাগপত্র প্রদান করেন; অথবা<br>খ) তিনি সংসদ-সদস্য না থাকেন। |

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
| --- | --- | --- |
| ৫৮ নং | তত্ত্বাবধায়ক সরকার ছিল | বর্তমানে ৫৮ (গ) নং অনুচ্ছেদ বিলুপ্ত। এখানে এখন মন্ত্রীদের পদের মেয়াদ সম্পর্কিত তথ্য |

# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৫৯ নং | স্থানীয় শাসন<br>(Local Govt) | নির্বাচিত ব্যক্তিদের সমন্বয়ে গঠিত প্রতিষ্ঠানসমূহের উপর প্রজাতন্ত্রের প্রত্যেক প্রশাসনিক একাংশের স্থানীয় শাসনের ভার প্রদান করা হবে । |

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৬১ নং | সর্বাধিনায়কতা | বাংলাদেশের প্রতিরক্ষা কর্মবিভাগসমূহের সর্বাধিনায়কতা রাষ্ট্রপতির উপর ন্যস্ত |

# চতুর্থ ভাগঃ নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৬৩ নং | যুদ্ধ (War) | সংসদের অনুমতি ব্যতীত যুদ্ধ ঘোষণা করা যাবে না কিংবা প্রজাতন্ত্র কোন যুদ্ধে অংশগ্রহণ করবে না। |

# চতুর্থ ভাগ: নির্বাহী বিভাগ (The Executive: 48-64 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৬৪ নং | অ্যাটর্নি- জেনারেল (The Attorney General) | যোগ্যতা: সুপ্রীমকোর্টের বিচারক হইবার যোগ্য কোন ব্যক্তিকে রাষ্ট্রপতি বাংলাদেশের অ্যাটর্নি-জেনারেল পদে নিয়োগ দান করবে<br>(৩) বাংলাদেশের সকল আদালতে তার বক্তব্য পেশ করার অধিকার আছে।<br>(৪) রাষ্ট্রপতির ইচ্ছা অনুযায়ী স্বীয় পদে থাকবে এবং পারিশ্রমিক পাবে। |

# ১৩শ সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকার রূপরেখো কেমন ছিল?

- ৫৮গ অনুচ্ছেদ অনুসারে তত্ত্বাবধায়ক সরকার ১১ সদস্যের বেশি হবে না। এর মধ্যে ১ জন প্রধান উপদেষ্টা ও ১০ জন উপদেষ্টা থাকবেন।

**উপদেষ্টা হওয়ার যোগ্যতা:**

# ১৩শ সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকার রূপরেখো কেমন ছিল?

প্রধান উপদেষ্টা কাকে নিয়োগ দেয়া যাবেঃ

# ১৩শ সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকার রূপরেখা কেমন ছিল?

**পদমর্যাদা ও কার্যাবলীঃ**

# ১৩শ সংশোধনীতে তত্ত্বাবধায়ক সরকার রূপরেখো কেমন ছিল?

**তত্ত্বাবধায়ক সরকারের দায়বদ্ধতাঃ**

# প্রধান উপদেষ্টাগণের তালিকা

| ক্রম | সাল | প্রধান উপদেষ্টা | সদস্য | প্রধান উপদেষ্টার অধীনে সংসদ নির্বাচন |
|---|---|---|---|---|
| প্রথম | ১৯৯১ | বিচারপতি ও রাষ্ট্রপতি শাহাবুদ্দিন আহমেদ | ১৮ জন | ৫ম সংসদ নির্বাচন- ১৯৯১ |
| দ্বিতীয় | ১৯৯৬ | বিচারপতি হাবিবুর রহমান | ১১ জন | ৭ম সংসদ নির্বাচন- ১৯৯৬ |
| তৃতীয় | ২০০১ | বিচারপতি লতিফুর রহমান | ১১ জন | ৮ম সংসদ নির্বাচন- ২০০১ |
| চতুর্থ | ২০০৬ | রাষ্ট্রপতি ড. ইয়াজউদ্দিন আহমেদ | ১১ জন | কোনো নির্বাচন হয়নি |
| পঞ্চম | ২০০৭ | ড. ফখরুদ্দিন আহমেদ (অন্তর্বর্তীকালীন সরকার) | ১১ জন | ৯ম সংসদ নির্বাচন |
| ষষ্ঠ | ২০২৪ | ড. মুহাম্মদ ইউনূস (অন্তর্বর্তীকালীন সরকার) | ২১ জন | …… |

# পঞ্চম ভাগ: আইনসভা (The Legislature: 65-93 articles)

(৬৫ - ৯৩ নং)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৬৫ নং | সংসদ প্রতিষ্ঠা (Eastablishment of Parliament) | "জাতীয় সংসদ" (House of the nation) নামে একটি সংসদ থাকবে এবং প্রজাতন্ত্রের আইন প্রণয়ন-ক্ষমতা সংসদের উপর থাকবে।<br>(৩) ৩০০ আসনের পরে ৫০টি নারী আসন ২০৪৪ সাল পর্যন্ত সংরক্ষিত হবে<br>(৪) রাজধানীতে সংসদের আসন থাকবে। |

# পঞ্চম ভাগ: আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৬৬ নং | সংসদে নির্বাচিত হবার যোগ্যতা ও অযোগ্যতা | যোগ্যতা: ২টি। বাংলাদেশি নাগরিক এবং ২৫ বছর বয়স হতে হবে।<br>অযোগ্যতা: ৭টি [৬৬(২)]। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৬৭ নং | সংসদের আসন শূন্য হওয়া | (১) কোন সংসদ সদস্যের আসন শূন্য হবে, যদি-<br>ক) নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকের তারিখ হতে ৯০ দিনের মধ্যে শপথ গ্রহণ না করলে।<br>খ) সংসদের অনুমতি ছাড়া টানা ৯০ বৈঠক-দিবস সংসদে অনুপস্থিত থাকলে;<br>গ) সংসদ ভাঙ্গিয়া গেলে;<br>ঘ) সাংসদ স্পিকারের নিকট পদত্যাগপত্র জমা দিলে পদ শূন্য হবে। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ৭০ নং | রাজনৈতিক দল হইতে পদত্যাগ বা দলের বিপক্ষে ভোটদানের কারণে আসন শূন্য হওয়া (Floor Crossing) | ( ১) কোন রাজনৈতিক দলের প্রার্থী মনোনীত হয়ে সাংসদ নির্বাচিত হয়ে যদি-<br>ক) উক্ত দল হইতে পদত্যাগ করেন, অথবা<br>খ) সংসদে উক্ত দলের বিপক্ষে ভোটদান করেন (Floor Crossing)। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৭১ নং | দ্বৈত-সদস্যতায় বাধা | কোন ব্যক্তি একই সময়ে দুই বা ততোধিক নির্বাচনী এলাকার সংসদ সদস্য হতে পারবেন না। তবে নির্বাচিত হতে পারবেন। সেক্ষেত্রে নির্বাচনের ৩০ দিনের মধ্যে ১টি আসন রেখে বাকি আসন ছেড়ে দিবে বলে কমিশনকে জানাবে। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৭২ নং | সংসদের অধিবেশন | রাষ্ট্রপতি সংসদ আহ্বান, স্থগিত ও ভঙ্গ করবে এবং সংসদ আহ্বানকালে রাষ্ট্রপতি প্রথম অধিবেশনের সময় ও স্থান নির্ধারণ করবেন এবং ২ অধিবেশনের ব্যবধান ৬০ দিনের বেশি হবে না। সাধারণ নির্বাচনের ফলাফল ঘোষিত হবার ৩০ দিনের মধ্যে বৈঠক অনুষ্ঠানের জন্য সংসদ আহবান করা হবে। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৭৩ নং | সংসদে রাষ্ট্রপতির ভাষণ ও বাণী | প্রত্যেক সাধারণ নির্বাচনের পর প্রথম অধিবেশনের সূচনায় এবং প্রত্যেক বছর প্রথম অধিবেশনের সূচনায় রাষ্ট্রপতি সংসদে ভাষণ দান করবে। |

# পঞ্চম ভাগ: আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ৭৪ নং | স্পিকার ও ডেপুটি স্পিকার | সাধারণ নির্বাচনের পর সংসদের প্রথম বৈঠকে সংসদ সদস্যদের মধ্য হতে সংসদ একজন স্পিকার ও একজন ডেপুটি স্পিকার নির্বাচিত করবে; |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
| --- | --- | --- |
| ৭৫ নং | কার্যপ্রণালী-বিধি, কোরাম প্রভৃতি | (খ) সদস্যদের সংখ্যাগরিষ্ঠ ভোটে সিদ্ধান্ত গৃহীত হয়। ভোট সংখ্যা সমান হলে স্পিকার কাস্টিং ভোট (Casting Vote) প্রদান করে। (গ) কোরামঃ ৬০ জন সদস্যের উপস্থিতিতে স্পিকার সংসদের অধিবেশন চালু রাখবে |

# পঞ্চম ভাগ: আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৭৬ নং | সংসদের স্থায়ী কমিটিসমূহ | সংসদ সদস্যদের নিয়ে সংসদ নিম্নলিখিত স্থায়ী কমিটি নিয়োগ করবে-<br>(ক) সরকারি হিসাব কমিটি;<br>(খ) বিশেষ অধিকার কমিটি; এবং<br>(গ) সংসদের কার্যপ্রণালী-বিধিতে নির্দিষ্ট অন্যান্য স্থায়ী কমিটি। |

# পঞ্চম ভাগ: আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৭৭ নং | ন্যায়পাল (Ombudsman) | সংসদ আইনের দ্বারা ন্যায়পালকে মন্ত্রণালয়, সরকারি কর্মচারী বা সংবিধিবদ্ধ কর্তৃপক্ষের যেকোন কার্য সম্পর্কে তদন্ত ক্ষমতা প্রদান করে। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৭৮ নং | সংসদ ও সদস্যদের অধিকার ও দায়মুক্তি | সংসদের কার্যধারা সম্পর্কে আদালতে প্রশ্ন উত্থাপন করা যাবে না; |

# পঞ্চম ভাগ: আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৮০ নং | আইন প্রণয়ন-পদ্ধতি (Legislative Procedure) | আইন প্রণয়ন পদ্ধতি:<br>✓আইন প্রণয়নের জন্য সংসদে আনীত প্রস্তাব বিল আকারে উত্থাপিত হবে;<br>✓সংসদ বিল গ্রহণ করলে সম্মতির জন্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হবে;<br>✓রাষ্ট্রপতির নিকট কোন বিল পেশ করার ১৫ দিনের মধ্যে তিনি তাতে সম্মতি দান করবে। যদি কোন সংশোধনী থাকে তাহলে রাষ্ট্রপতি সংসদে বিলটি ফেরত দিবেন এবং রাষ্ট্রপতি বিলটি ফেরত দিতে অসমর্থ হলে উক্ত মেয়াদ শেষে তিনি বিলটিতে সম্মতি দিয়েছেন বলে গণ্য হবে।<br>✓রাষ্ট্রপতি যদি বিলটি সংসদে ফেরত পাঠান, তাহলে সংসদ সংশোধনীসহ বা সংশোধনী ব্যতিরেকে পুনরায় বিলটি গ্রহণ করবেন। সম্মতির জন্য তা রাষ্ট্রপতির নিকট উপস্থাপিত হলে তিনি ৭ দিনের মধ্যে সম্মতি দান করবেন। রাষ্ট্রপতি যদি ৭ দিনের মধ্যে সম্মতি দান না করেন, তাহলে উক্ত মেয়াদ শেষে তিনি বিলটি সম্মতি দান করেছে বলে গণ্য হবে।<br>✓রাষ্ট্রপতি সম্মতি দান করলে বিলটি আইনে পরিণত হবে। |

# পঞ্চম ভাগ: আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
| --- | --- | --- |
| ৮১ নং | অর্থবিল | (ক) কোন কর আরোপ, নিয়ন্ত্রণ, রদবদল, মওকুফ বা রহিতকরণ; (Money Bills) (খ) সরকার কর্তৃক ঋণগ্রহণ বা কোন গ্যারান্টি দান, কিংবা, সরকারের আর্থিক দায়-দায়িত্ব সম্পর্কিত আইন সংশোধন। (গ) সংযুক্ত তহবিলের রক্ষণাবেক্ষণ অনুরূপ তহবিলে অর্থপ্রদান বা অনুরূপ তহবিল হতে অর্থদান। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৮৪ নং | সংযুক্ত তহবিল (Consolidated Fund) → রাষ্ট্রের ব্যাংক অ্যাকাউন্ট | সরকার কর্তৃক প্রাপ্ত সকল রাজস্ব, গৃহীত সকল ঋণ ও সরকারের ঋণ পরিশোধ থেকে প্রাপ্ত অর্থ সংযুক্ত তহবিলে থাকে। |

৮৭ নং | বার্ষিক আর্থিক বিবৃতি | Budget

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
| --- | --- | --- |
| ৯১ নং | সম্পূরক ও অতিরিক্ত মঞ্জুরি | (ক) চলতি অর্থবছরে কোন কর্মবিভাগের জন্য অনুমোদিত ব্যয় অপর্যাপ্ত হলে কিংবা ব্যয় পরিকল্পনায় না থাকলে এরকম মঞ্জুরির দরকার হয়। |

# পঞ্চম ভাগঃ আইনসভা (The Legislature: 65-93 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৯৩ নং | অধ্যাদেশ প্রণয়ন ক্ষমতা (Ordinance making power) | ☞ রাষ্ট্রপতি অধ্যাদেশ জারি করতে পারেন- ২টি অবস্থায়। যদি-<br>১) সংসদ ভেঙে যাওয়া অবস্থায় অথবা<br>২) সংসদ অধিবেশন চলমান না থাকা।<br>☞ অধ্যাদেশ সংসদের আইনের মতো কার্যকর হয়।<br>☞ কোন অধ্যাদেশ জারি হবার পর অনুষ্ঠিত সংসদের প্রথম বৈঠকে তা উপস্থাপনের পর ৩০ দিনের মধ্যে অনুমোদন করতে হবে। |

# পঞ্চম ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

- **Crossing the Floor (দল ত্যাগ):**

# পঞ্চম ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

❑ **Casting Vote (সিদ্ধান্ত নির্ণয়কারী ভোট):**

# পঞ্চম ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

- **Quorum (কোরাম):**

# পঞ্চম ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

## ❑Ombudsman (ন্যায়পাল):

# পঞ্চম ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

## ❑Bill (বিল):

| | |
|---|---|
| সাধারণ বিল | যেসব বিল পাসের জন্য সংখ্যাগরিষ্ঠতাই যথেষ্ঠ। |
| বিশেষ বিল | যেসব বিল পাসের জন্য সংসদের দুই-তৃতীয়াংশ সদস্যের সম্মতি দরকার। যেমনঃ সংশোধনী বিল |
| সরকারি বিল | মন্ত্রী কর্তৃক উত্থাপিত বিল। |
| বেসরকারি বিল | মন্ত্রী ছাড়া, এমপি কর্তৃক উত্থাপিত বিল। |

# পঞ্চম ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ২৪ নং | জাতীয় স্মৃতি নিদর্শন | রাষ্ট্র ঐতিহাসিক স্মৃতি নিদর্শন রক্ষা করবে। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৯৪ নং | সুপ্রীম কোর্ট-প্রতিষ্ঠা<br>(Supreme Court)<br>(Eastablishment of) | ☞ আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ নিয়ে "বাংলাদেশ সুপ্রীমকোর্ট" গঠিত হবে;<br>☞ "বাংলাদেশের প্রধান বিচারপতি" এবং "রাষ্ট্রপতি" যত জন বিচারক নিয়োগের প্রয়োজন। মনে করবে, তত জন বিচারক নিয়ে সুপ্রীমকোর্ট গঠিত হবে; |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ৯৫ নং | বিচারক-নিয়োগ | ☞ প্রধান বিচারপতি রাষ্ট্রপতি কর্তৃক নিযুক্ত হবেন এবং প্রধান বিচারপতির পরামর্শ নিয়ে রাষ্ট্রপতি অন্যান্য বিচারককে নিয়োগ দান করবেন।<br>☞ বিচারক হওয়ার অযোগ্যতাঃ বাংলাদেশের নাগরিক না হলে এবং<br>(ক) সুপ্রীম কোর্টে অন্যূন ১০ বৎসরকাল এ্যাডভোকেট না থাকলে; অথবা<br>(খ) বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে অন্যূন ১০ বৎসর কোন বিচার বিভাগীয় পদে অধিষ্ঠান না করে থাকলে। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৯৬ নং | বিচারকের পদের মেয়াদ | (১) বিচারকের ৬৭ বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত<br><br>(২) অনুচ্ছেদের নিম্নরূপ বিধানাবলী অনুযায়ী ব্যতীত কোনো বিচারককে<br><br>তাঁহার পদ হইতে অপসারিত করা যাইবে না<br><br>বিচারকের পদের মেয়াদ<br><br>(৩) একটি সুপ্রিম জুডিসিয়াল কাউন্সিল থাকিবে |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ৯৯ নং | অবসরের পর বিচারকের অক্ষমতা | অবসরের পর আপিল বিভাগের বিচারপতি ওকালতি করতে পারবেন না, কিন্তু হাইকোর্ট বিভাগের বিচারক ওকালতি করতে পারবেন। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১০০ নং | সুপ্রীম কোর্টের আসন | সুপ্রীম কোর্টের স্থায়ী আসন থাকবে ঢাকায়, প্রধান বিচারপতি রাষ্ট্রপতির পরামর্শ নিয়ে যেকোন স্থানে হাইকোর্ট বিভাগের অধিবেশন করতে পারবে। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১০১ নং | হাইকোর্ট বিভাগের এখতিয়ার | সংবিধান বা অন্য আইনের দ্বারা হাইকোর্ট বিভাগের এখতিয়ার ও ক্ষমতা অর্পিত হয়েছে |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১০২ নং | হাইকোর্ট বিভাগের ক্ষমতা | কোন সংক্ষুব্ধ ব্যক্তির আবেদনক্রমে এই সংবিধানের ৩য় ভাগের দ্বারা অর্পিত অধিকারসমূহের যে কোন একটি বলবৎ করার জন্য প্রজাতন্ত্রের দায়িত্ব পালনকারী কোন ব্যক্তি বা কর্তৃপক্ষকে হাইকোর্ট বিভাগের উপযুক্ত নির্দেশাবলি বা আদেশাবলি দান করতে পারবেন। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১০৪ নং | আপীল বিভাগের পরোয়ানা জারী ও নির্বাহ | আপীল বিভাগের নিকট বিচারাধীন যে কোন মামলা বা বিষয়ে সম্পূর্ণ ন্যায়বিচারের জন্য প্রয়োজনীয় নির্দেশ, আদেশ, ডিক্রী বা রীট জারী করতে পারবে |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১০৬ নং | সুপ্রীম কোর্টের উপদেষ্টামূলক এখতিয়ার | যদি রাষ্ট্রপতির নিকট প্রতীয়মান হয় যে, আইনের এমন কোন প্রশ্ন উত্থাপিত হয়েছে যা জনগুরুত্বসম্পন্ন এবং সে সম্পর্কে সুপ্রীম কোর্টের মতামত গ্রহণ করা প্রয়োজন, তাহলে তিনি প্রশ্নটি আপীল বিভাগের বিবেচনার জন্য প্রেরণ করতে পারবেন। **** রাষ্ট্রপতি অন্তবর্তীকালীন সরকারের শপথ পড়ানোর বিষয়ে জানতে মতামত চেয়েছিলেন। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১০৭ নং | সুপ্রীম কোর্টের বিধিপ্রণয়ন ক্ষমতা | (৩) কোন্ কোন্ বিচারককে নিয়ে কোন বিভাগের কোন্ বেঞ্চ গঠিত হবে তা প্রধান বিচারপতি নির্ধারণ করিবেন। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১০৮ নং | "কোর্ট অব রেকর্ড" রূপে সুপ্রীম কোর্ট | সুপ্রীম কোর্ট একটি 'কোর্ট অব রেকর্ড' হইবেন এবং ইহার অবমাননার জন্য দণ্ডাদেশদানের অধিকারী হইবেন। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১০৯ নং | আদালতসমূহের উপর তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ | অধঃস্তন সকল আদালত ও ট্রাইব্যুনালের উপর হাইকোর্ট বিভাগের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ-ক্ষমতা থাকিবে। |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১১২ নং | সুপ্রীম কোর্টের সহায়তা | প্রজাতন্ত্রের সকল নির্বাহী ও বিচার বিভাগীয় কর্তৃপক্ষ সুপ্রীম কোর্টকে সহায়তা করবে |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ১১৩ নং | সুপ্রীম কোর্টের কর্মচারীগণ | (১) রাষ্ট্রপতির পূর্বানুমোদনক্রমে প্রধান বিচারপতি কিংবা তাঁর নির্দেশক্রমে অন্য কোন বিচারক বা কর্মচারী সুপ্রীম কোর্টের কর্মচারীদিগকে নিযুক্ত করবেন |

# ষষ্ঠ ভাগঃ বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১১৬ নং | অধস্তন আদালতসমূহের নিয়ন্ত্রণ ও শৃঙ্খলা | অধস্তন আদালতের দায়িত্ব পালনরত ম্যাজিস্ট্রেটদের নিয়ন্ত্রণ (কর্মস্থল-নির্ধারণ, পদোন্নতিদান ও ছুটি মঞ্জুরীসহ) ও শৃংখলাবিধান রাষ্ট্রপতির উপর ন্যস্ত থাকবে।<br>***এই অনুচ্ছেদ বাতিল ও বিচার বিভাগের জন্য পৃথক সচিবালয় কেন হবে না বলে হাইকোর্ট রুল জারি করে- ২৭ অক্টোবর, ২০২৪ সালে। |

# ষষ্ঠ ভাগ: বিচার বিভাগ (The Judiciary: 94-117 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ১১৭ নং | প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ | সংসদ আইনের দ্বারা এক বা একাধিক প্রশাসনিক ট্রাইব্যুনাল (Administrative tribunals) প্রতিষ্ঠা করতে পারবে। |

# ষষ্ঠ ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

- হাইকোর্ট বিভাগের স্থায়ী বেঞ্চঃ

# ষষ্ঠ ভাগের অনুচ্ছেদের সাথে জড়িত বিষয়াদি

## ❑বিচারপতির অভিশংসন :

| ভিত্তি | সাল | বিচারপতি অভিশংসন বা অপসারণের ক্ষমতা |
|---|---|---|
| মূল সংবিধান | ১৯৭২ | সংসদের নিকট |
| চতুর্থ সংশোধনী | ১৯৭৫ | রাষ্ট্রপতির নিকট |
| পঞ্চম সংশোধনী | ১৯৭৯ | সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল (১৯৭৮) |
| ষোড়শ সংশোধনী | ২০১৪ | সংসদের নিকট |

# সপ্তম ভাগঃ নির্বাচন (Elections: 118-126 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১১৮ নং | নির্বাচন কমিশন প্রতিষ্ঠা | (১) প্রধান নির্বাচন কমিশনার এবং অনধিক ৪ জন নির্বাচন কমিশনারকে নিয়ে রাষ্ট্রপতি বাংলাদেশ নির্বাচন কমিশন গঠন করবে।<br>(২) নির্বাচন কমিশনারের মেয়াদ কার্যভার গ্রহণের তারিখ থেকে ৫ বছর-<br>ক. প্রধান নির্বাচন কমিশনার-পদে অধিষ্ঠিত ছিলেন, এমন কোন ব্যক্তি প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ লাভের যোগ্য হবে না;<br>খ. নির্বাচন কমিশনার অবসরের পর প্রধান নির্বাচন কমিশনাররূপে নিয়োগ লাভের যোগ্য হবে, তবে প্রজাতন্ত্রের অন্য কর্মে অযোগ্য হবে |

# সপ্তম ভাগ: নির্বাচন (Elections: 118-126 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১১৯ নং | নির্বাচন কমিশনের দায়িত্ব | (১) দায়িত্ব: ৪টি-<br><br>(ক) রাষ্ট্রপতি পদের নির্বাচন অনুষ্ঠান<br><br>(খ) সংসদ-সদস্যদের নির্বাচন অনুষ্ঠান<br><br>(গ) সংসদে নির্বাচনের জন্য নির্বাচনী এলাকার সীমানা নির্ধারণ করবে<br><br>(ঘ) ভোটার তালিকা প্রস্তুত করা। |

# সপ্তম ভাগঃ নির্বাচন (Elections: 118-126 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১২১ নং | ভোটার তালিকা | একটি এলাকায় একটি ভোটার তালিকা থাকবে, বিশেষ ভোটার থাকবে না। |

# সপ্তম ভাগঃ নির্বাচন (Elections: 118-126 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১২২ নং | ভোটার-তালিকায় | কোন ব্যক্তি সংসদের নির্বাচনের জন্য নির্ধারিত কোন নির্বাচনী এলাকায় ভোটার তালিকাভুক্ত হবার অধিকারী হবেন, যদি-<br>(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;<br>(খ) তাঁর বয়স ১৮ বৎসরের কম না হয়;<br>(গ) আদালত কর্তৃক তাঁকে অপ্রকৃতস্থ বলিয়া ঘোষণা না করা হয়<br>(ঘ) তিনি ১৯৭২ সালের বাংলাদেশ যোগসাজেশকারী (বিশেষ ট্রাইব্যুনাল) আদেশের অধীন কোন অপরাধের জন্য দন্ডিত না হন। |

# সপ্তম ভাগঃ নির্বাচন (Elections: 118-126 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ১২৩ নং | নির্বাচন অনুষ্ঠানের সময় | **রাষ্ট্রপতি নির্বাচনঃ** মেয়াদ শেষ হওয়ার ৯০ থেকে ৬০ দিন আগে এবং মেয়াদ শেষ হওয়া ছাড়া রাষ্ট্রপতি পদ শূন্য হলে শূন্য পদে হওয়ার পরবর্তী ৯০ দিনের মধ্যে নির্বাচন হবে।<br>**সংসদ নির্বাচনঃ** মেয়াদ শেষ হওয়ার ৯০ দিন আগে এবং মেয়াদ শেষ হওয়া ছাড়া সংসদ ভেঙ্গে গেলে শূন্য পদে হওয়ার পরবর্তী ৯০ দিনের মধ্যে নির্বাচন হবে। |

# সপ্তম ভাগঃ নির্বাচন (Elections: 118-126 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১২৬ নং | নির্বাচন কমিশনকে নির্বাহী কর্তৃপক্ষের সহায়তা দান | নির্বাচন কমিশনের দায়িত্ব পালনে সহায়তা করা সকল নির্বাহী কর্তৃপক্ষের কর্তব্য হবে। |

# অষ্টম ভাগ: মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক
# (The Comptroller General & Auditor- General: 127-132 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১২৭ নং | মহা হিসাব-নিরীক্ষক পদের প্রতিষ্ঠা | "মহা হিসাব নিরীক্ষক"কে রাষ্ট্রপতি নিয়োগদান করবে। |

# অষ্টম ভাগ: মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক
## (The Comptroller General & Auditor- General: 127-132 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ১২৯ নং | মহা হিসাব-নিরীক্ষকের কর্মের মেয়াদ | দায়িত্ব গ্রহণের তারিখ হইতে ৫ বৎসর বা তাঁহার ৬৫ বৎসর বয়স পূর্ণ হওয়া পর্যন্ত। সুপ্রীম কোর্টের বিচারক যেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হন, সেরূপ পদ্ধতি ও কারণে অপসারিত হবে। |

# নবম ভাগ: বাংলাদেশের কর্মবিভাগ (The Services of Bangladesh: 133-140 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৩৩ নং | নিয়োগ ও কর্মের শর্তাবলি | সংসদ আইনের দ্বারা প্রজাতন্ত্রের কর্মে কর্মচারীদের নিয়োগ ও কর্মের শর্তাবলি নিয়ন্ত্রণ করতে পারবে। <br> *বাংলাদেশ সরকারি চাকুরি নিয়োগ বিধিমালা জারি হয়: ১৯৮১ সালে* |

# নবম ভাগঃ বাংলাদেশের কর্মবিভাগ (The Services of Bangladesh: 133-140 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৩৪ নং | কর্মের মেয়াদ | সংবিধানে অন্য কোন বিধান না থাকলে সরকারি চাকুরিতে নিযুক্ত ব্যক্তি রাষ্ট্রপতির সন্তোষানুযায়ী সময়সীমা পর্যন্ত স্বীয় পদে বহাল থাকিবেন। |

# নবম ভাগঃ বাংলাদেশের কর্মবিভাগ (The Services of Bangladesh: 133-140 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৩৭ নং | কমিশন প্রতিষ্ঠা | বাংলাদেশের জন্য এক বা একাধিক সরকারি কর্ম কমিশন প্রতিষ্ঠার বিধান করা যাবে এবং একজন সভাপতি ও অন্যান্য সদস্যকে নিয়া প্রত্যেক কমিশন গঠিত হবে। |

# নবম ভাগ: বাংলাদেশের কর্মবিভাগ (The Services of Bangladesh: 133-140 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৩৮ নং | কর্ম কমিশনের সদস্য নিয়োগ | যতদূর সম্ভব অর্ধেক (তবে অর্ধেকের কম নহে) সংখ্যক সদস্য এমন ব্যক্তিগণ হবেন, যাঁরা ২০ বৎসর বা ততোধিককাল বাংলাদেশের রাষ্ট্রীয় সীমানার মধ্যে সরকারের কর্মে কোন পদে অধিষ্ঠিত ছিলেন। |

# নবম ভাগ: বাংলাদেশের কর্মবিভাগ (The Services of Bangladesh: 133-140 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪০ নং | কমিশনের দায়িত্ব | প্রজাতন্ত্রের কর্মে নিয়োগ দান, পদোন্নতিদান ও বদলিকরণ |

# নবম-(ক) ভাগঃ জরুরি বিধানাবলি (Emergency Provisions: 141A article)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪১ক নং | জরুরি অবস্থা ঘোষণাজরুরি অবস্থা ঘোষণা | রাষ্ট্রপতির নিকট যদি প্রতীয়মান হয়, যুদ্ধ বা বহিরাক্রমণ বা অভ্যন্তরীণ গোলযোগের দ্বারা বাংলাদেশ বিপদের সম্মুখীন, তাহলে তিনি অনধিক ১২০ দিনের জন্য। জরুরি-অবস্থা ঘোষণা করিতে পারিবেন। শর্ত থাকে যে, অনুরূপ ঘোষণার বৈধতার জন্য ঘোষণার পূর্বেই প্রধানমন্ত্রীর প্রতি-স্বাক্ষর প্রয়োজন হবে। |

# নবম-(ক) ভাগ: জরুরি বিধানাবলি (Emergency Provisions: 141A article)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১৪১খ নং | জরুরি-অবস্থার সময় সংবিধানের কতিপয় অনুচ্ছেদের বিধান স্থগিতকরণ | ৩৬, ৩৭, ৩৮, ৩৯, ৪০ ও ৪২ নং অনুচ্ছেদসমূহ (৬টি) স্থগিত থাকবে। |

# নবম-(ক) ভাগঃ জরুরি বিধানাবলি (Emergency Provisions: 141A article)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪১গ | জরুরি-অবস্থার সময় মৌলিক অধিকারসমূহ স্থগিতকরণ | জরুরি অবস্থায় সংবিধানের তৃতীয় ভাগের অন্তর্গত মৌলিক অধিকারসমূহ বলবৎকরণের জন্য আদালতে মামলা রুজু করার অধিকার স্থগিত থাকবে। |

১৪২ সংবিধান সংশোধন

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪৩ নং | প্রজাতন্ত্রের সম্পত্তি | (১) নিম্নলিখিত সম্পত্তিসমূহ প্রজাতন্ত্রের উপর ন্যস্ত হবে-<br>ক) বাংলাদেশের যে কোন ভূমির অন্তঃস্থ খনিজ ও অন্যান্য মূল্যসম্পন্ন সামগ্রী;<br>খ) বাংলাদেশের রাষ্ট্রীয় জলসীমার অন্তর্বর্তী মহাসাগরের অন্তঃস্থ কিংবা বাংলাদেশের মহীসোপানের উপরিস্থ ভূমি, খনিজ ও অন্যান্য মূল্যসম্পন্ন সামগ্রী;<br>গ) বাংলাদেশে অবস্থিত প্রকৃত মালিকবিহীন যে কোন সম্পত্তি। |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪৪ নং | সম্পত্তি ও কারবার প্রসঙ্গে নির্বাহী কর্তৃত্ব | প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে সম্পত্তি গ্রহণ, বিক্রয়, হস্তান্তর, বন্ধকদান ও বিলি-ব্যবস্থা, যে কোন কারবার বা ব্যবসায়-চালনা এবং যে কোন চুক্তি প্রণয়ন করা যাইবে। |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪৫ নং | চুক্তি ও দলিল | প্রজাতন্ত্রের নির্বাহী কর্তৃত্বে চুক্তি ও দলিল রাষ্ট্রপতি কর্তৃক প্রণীত বলে প্রকাশ হবে |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪৫ক নং | আন্তর্জাতিক চুক্তি | ➢ বিদেশের সাথে সম্পাদিত সকল চুক্তি রাষ্ট্রপতির নিকট পেশ করা হবে।<br>➢রাষ্ট্রপতি তা সংসদে পেশ করার ব্যবস্থা করবেন।<br>➢জাতীয় নিরাপত্তার সহিত সংশ্লিষ্ট অনুরূপ কোন চুক্তি সংসদের গোপন বৈঠকে পেশ করা হবে |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
| --- | --- | --- |
| ১৪৬ নং | বাংলাদেশের নামে মামলা ⭐⭐⭐ | "বাংলাদেশ” এই নামে বাংলাদেশ সরকার কর্তৃক বা বাংলাদেশ সরকারের বিরুদ্ধে মামলা দায়ের করা যাইতে পারিবে। |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১৪৮ নং | পদের শপথ | ২(ক) নির্বাচনের পর গেজেট প্রকাশের ৩ দিনের মধ্যে সংবিধান অনুযায়ী নির্দিষ্ট ব্যক্তির নিকট থেকে শপথ গ্রহণ করবে। যদি সংশ্লিষ্ট ব্যক্তি শপথ পড়াতে ব্যর্থ হন তাহলে প্রধান নির্বাচন কমিশনার শপথ পড়াবেন। |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৪৯ নং | প্রচলিত আইনের হেফাজত | সংবিধানের আলোকে প্রণীত সকল প্রচলিত আইনের কার্যকরতা অব্যাহত থাকিবে এবং সংবিধানের অধীন প্রণীত আইনের দ্বারা সংশোধিত বা রহিত হইতে পারিবে। |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ |
|---|---|---|
| ১৫০ নং | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি | |

# একাদশ ভাগঃ বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
|---|---|---|
| ১৫১ নং | রহিতকরণ | ১৯৭২ সালের বাংলাদেশ অস্থায়ী সংবিধান আদেশসহ রাষ্ট্রপতির ৮টি আদেশ রহিত করা হয়েছে |

# একাদশ ভাগ: বিবিধ (Miscellaneous: 143-153 articles)

| অনুচ্ছেদ | বিষয়বস্তু ও শিরোনাম | বিবরণ [ব্রাকেটের ক্রম হলো উপধারা নম্বর] |
| --- | --- | --- |
| ১৫৩ নং | প্রবর্তন, উল্লেখ ও নির্ভরযোগ্য পাঠ | ➢সংবিধানকে 'গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান' বলে উল্লেখ করা হবে<br>➢বাংলা ও ইংরেজি পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাবে। |

# সংবিধানের তফসিল (Schedule of Constitution)

| তফসিল | অনুচ্ছেদ | বিষয়বস্তু |
|---|---|---|
| প্রথম | ৪৭ নং | অন্যান্য বিধান সত্ত্বেও কার্যকর আইন |

# সংবিধানের তফসিল (Schedule of Constitution)

| তফসিল | অনুচ্ছেদ | বিষয়বস্তু |
|---|---|---|
| দ্বিতীয় | | রাষ্ট্রপতি নির্বাচন [বিলুপ্ত] |

# সংবিধানের তফসিল (Schedule of Constitution)

| তফসিল | অনুচ্ছেদ | বিষয়বস্তু |
| --- | --- | --- |
| তৃতীয় | ১৪৮ নং | শপথ ও ঘোষণা<br>০১. রাষ্ট্রপতির শপথ<br>০২. প্রধানমন্ত্রী এবং অন্যান্য মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীর শপথ<br>০৩. স্পিকারের শপথ,<br>০৪. ডেপুটি স্পিকারের শপথ<br>০৫. সংসদ-সদস্যদের শপথ<br>০৬. প্রধান বিচারপতি বা বিচারকের শপথ<br>০৭. প্রধান নির্বাচন কমিশনার বা নির্বাচন কমিশনারের শপথ<br>০৮. মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রকের শপথ<br>০৯. সরকারি কর্ম কমিশনের সদস্যদের শপথ |

# সংবিধানের তফসিল (Schedule of Constitution)

| তফসিল | অনুচ্ছেদ | বিষয়বস্তু |
| --- | --- | --- |
| চতুর্থ | ১৫০(১) | ক্রান্তিকালীন ও অস্থায়ী বিধানাবলি |

# সংশোধনীসমূহ (Amendments)

| বিষয় | যুক্ত | বিলুপ্ত | পুনঃ প্রবর্তন |
|---|---|---|---|
| সংসদীয় সরকার পদ্ধতি | মূল সংবিধান | চতুর্থ | দ্বাদশ |
| প্রস্তাবনায় মুক্তি সংগ্রাম | মূল সংবিধান | পঞ্চম | পঞ্চদশ |
| সংবিধানের ধর্মনিরপেক্ষতা | মূল সংবিধান | পঞ্চম | পঞ্চদশ |
| বাঙালি জাতীয়তাবাদ | মূল সংবিধান | পঞ্চম | পঞ্চদশ |
| রাষ্ট্রপতি নির্বাচন প্রত্যক্ষ ভোটে | চতুর্থ | দ্বাদশ | |
| উপরাষ্ট্রপতি | চতুর্থ | দ্বাদশ | |
| উপ-প্রধানমন্ত্রী | পঞ্চম | দ্বাদশ | |
| নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার | ত্রয়োদশ | পঞ্চদশ | |
| সুপ্রিম জুডিশিয়াল কাউন্সিল | পঞ্চম | ষোড়শ | ২০২৪, ২০ অক্টোবর |